দেশে করোনায় আরও ৩৩ প্রাণহানি, শনাক্ত ২৯৯৬

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩৩ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৩ হাজার ৪৭১ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ৯৯৬ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ২ লাখ ৬৩ হাজার ৫০৩ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন এক হাজার ৫৩৫ জন এবং মোট সুস্থ ১ লাখ ৫১ হাজার ৯৭২ জন।

মঙ্গলবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে এসব তথ্য জানান।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

মেহেরপুরে শুভ জন্মাষ্ঠমী পালিত

ভগবান শ্রী কৃষ্ণের ৫২৪৬ তম আর্বিভাব উপলক্ষে মেহেরপুরের বিভিন্ন মন্দিরে পালিত হলো শুভ জন্মাষ্ঠমি। হিন্দু ধর্মীয় কল্যান ট্রাস্ট ধর্ম বিষয়ক মন্ত্রনালয় মেহেরপুর জেলা শাখার উদ্যোগে জন্মাষ্ঠমী উপলক্ষে আলোচনা, প্রার্থনা ও মহাপ্রসাদ বিতরণ

অনুষ্ঠান অনষ্ঠিত হয়।

মেহেরপুর শহরের শ্রী শ্রী সিদ্ধেশরী কালি মন্দির, হরিজন পল্লীর রাঁধাগবিন্দ মন্দির, বকুলতলা হালদার পাড়া মন্দিরসহ জেলার ১০টি মন্দিরে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন, পাবলিক প্রসিকিউটার পল্লব ভট্টাচার্য, হিন্দু ধর্মীয় কল্যান ট্রাস্ট মেহেরপুর জেলা শাখার ফিল্ড সুপারভাইজার হ্যাপি সাহা, কম্পিউটার অপারেটর হুমায়ন রশিদ, শ্রী শ্রী সিদ্ধেশরী কালি মন্দিরের গন শিক্ষা কার্যক্রম এর শিক্ষিকা বন্যাদত্ত, হরিজন পল্লীর রাঁধাগবিন্দ মন্দিরের লিপিকা দে, বকুলতলা হালদার পাড়া মন্দিরের সুমনা সরকারসহ গন শিক্ষার অন্যান্য শিক্ষিকা।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে বাড়ছে বিবাহ বিচ্ছেদের ঘটনা

কেউ ভালোবেসে, কেউ পরিবারের সিদ্ধান্তে ঘর বাঁধেন। শুরু হয় একটি সুখী সংসারের ’পরশ পাথরের’ গল্প। ধন নয়, মান নয়, এইটুকু বাসা করেছিনু আশা। প্রথমদিকে দাম্পত্য জীবনে বোঝাপড়াটা হয়ে ওঠে ’সোনার হাতে সোনার কাকন অলংকারে’র মতো বাঁধানো।

কিন্তু বুকভরা আশা আর রঙিন স্বপ্ন নিয়ে ঘর বাঁধলেও সর্বক্ষেত্রে ধরা
দিচ্ছে না সুখপাখি। কখনো কখনো মেহেদীর রঙ মোছার আগেই ভেঙে যাচ্ছে অনেকের সংসার। আধুনিকতার ছোঁয়ায় সংসারের বন্ধন দুর্বল হচ্ছে ক্রমেই। যান্ত্রিক হয়ে যাচ্ছে মানুষ। ভালো লাগা, ভালোবাসাও
যাচ্ছে কমে। ফলে বাড়ছে বিবাহবিচ্ছেদ।

গত এক দশকে বদলে গেছে তালাকের ধরন। আগে ৭০ শতাংশ তালাকের
ঘটনা ঘটতো স্বামী কর্তৃক। কিন্তু ’সংসার সুখের হয় রমনীর গুনে’ প্রচলিত এই প্রবাদ সময়ের ব্যবধানে ভেঙ্গে যাচ্ছে। এখন তালাকের

ঘটনায় নারীরা পুরুষের চেয়ে দশগুণ এগিয়ে গেছে। বর্তমান সময়ে ৮০ শতাংশ তালাকের ঘটনা ঘটছে স্ত্রী কর্তৃক। অতীতকালে সংসার ছিল
বর্জ কঠিন বাঁধনে বাঁধা। কিন্তু সময়ের বিবর্তনে এখন ঠুনকো
কাচের দেয়ালে পরিণত হয়েছে সেই বন্ধন। গ্রাম থেকে শহর সবখানেই প্রায় অভিন্ন চিত্র। স্বপ্নগুলো সত্য হয়ে উঠতে না উঠতেই খানখান হয়ে যাচ্ছে।

মেহেরপুর প্রতিদিন এর অনুসন্ধানে ও জেলা রেজিষ্ট্রারের তথ্য অনুযায়ী
গত এক বছরে মেহেরপুরে বেড়েছে তালাকের সংখ্যা। এর মধ্যে স্ত্রী কতৃক স্বামী তালাকের সংখ্যাই বেশি। জেলা রেজিষ্ট্রার হতে প্রাপ্ত তথ্য
অনুযায়ি ২০১৯ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত মেহেরপুরে তালাক রেজিষ্ট্রি হয়েছে ১ হাজার ৪শ ৭৪টি। এর মধ্যে স্ত্রী কতৃক তালাকের সংখ্যা ৬১৮টি, স্বামী কতৃক তালাকের সংখ্যা ৫৩৬টি এবং উভয়ের সম্মতিতে তালাকের সংখ্যা ৩২০টি। এছাড়াও চলতি বছরে করোনাকালিন সময়ে ঘটেছে বেশ কিছু তালাকের ঘটনা যার বেশির
ভাগই স্ত্রী কতৃক।

ঝামেলা এড়াতে অনেকেই পার্শ্ববর্তী জেলা বা অন্য জায়গাতে ঘরোয়াভাবে শেরে ফেলে বিবাহ বিচ্ছেদের কাজ। কখনো কখনো গ্রাম্য

সালিসের মাধ্যমেও হয়ে থাকে বিচ্ছেদ। যা রেজিষ্ট্রারে জমা পড়েনা। এর
সংখ্যাও কম নয়।

বিশেষজ্ঞরা মেহেরপুরে এধরনের সামাজিক পরিবর্তনের বেশ কিছু কারণ চিহ্নিত করেছেন। মেহেরপুর রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক
আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু বলেন, বিবাহ নিবন্ধক, মনোবিজ্ঞানী এবং জেন্ডার বিশেষজ্ঞরা বলছেন, পারিবারিক বন্ধন হ্রাস, বহুগামিতা,
বিবাহ বর্হিভূত সম্পর্ক, অতিমাত্রায় ভার্চুয়াল জগতে বিচরণ, অর্থনৈতিকভাবে নারীদের শক্ত অবস্থান, পেশাগত উন্নয়ন, আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, সামাজিক মর্যাদা বৃদ্ধি, শারীরিক ও মানসিক নির্যাতনের কারণেই বিবাহ বিচ্ছেদ এবং আলাদা থাকার প্রবণতা বাড়ছে। অর্থনৈতিক স্বাধীনতা থাকায় একজন নারী এখন
তার পরিবারকেও আর্থিক সহায়তা করতে পারছে। পারিবারিক বন্ধনের

চেয়ে অনেক নারী নিজের পেশা জীবনকে গুরুত্ব দিচ্ছেন। আর মনস্তাত্ত্ব্ধিসঢ়;বক পরিবর্তন ও অর্থনৈতিক স্বাধীনতার ফলে নারী নিজেই
এখন বিচ্ছেদের সিদ্ধান্ত নিচ্ছেন।

মেহেরপুর পৌরসভার ১,২,৩ নং ওয়ার্ডের দায়িত্বে থাকা কাজী তাজুল ইসলাম বলেন, চলতি বছরে এ পর্যন্ত বিবাহ রেজিষ্ট্রি হয়েছে ৪২ টি।

তালাক হয়েছে ১০৮টি। ছেলে কতৃর্ক তালাক হয়েছে ৪৯টি, উভয়ের সম্মতিতে তালাক হয়েছে ৪৬টি এবং মেয়ে কতৃক তালাক হয়েছে
১৩টি। তবে কাজীর মতে মেয়ে কতৃক তালাকের সংখ্যা এক্ষেত্রে কম হলেও অধিকাংশ সময় ছেলে কতৃক তালাক দিতে বাধ্য করার ঘটনাও ঘটেছে।
আরও কয়েক জন কাজীর সাথে এ বিষয়ে কথা বললে তারা জানান, তালাকের সবচেয়ে বড় কারণ স্বামী-স্ত্রীর মধ্যে ‘বনিবনা না হওয়া’।

স্ত্রীর করা আবেদনে কারণগুলোর মধ্যে রয়েছে স্বামীর সন্দেহবাতিক মনোভাব, পরনারীর
সঙ্গে সম্পর্ক, যৌতুক, দেশের বাইরে গিয়ে আর ফিরে না আসা, মাদকাসক্তি, ফেসবুকে আসক্তি, পুরুষত্বহীনতা, ব্যক্তিত্বের সংঘাত, নৈতিকতাসহ বিভিন্ন কারণ। আর স্বামীর অবাধ্য হওয়া, ইসলামি শরিয়ত অনুযায়ী না চলা, বদমেজাজ, সংসারের প্রতি উদাসীনতা, সন্তান না হওয়াসহ বিভিন্ন কারণে স্ত্রীকে তালাক দিচ্ছেন স্বামী।

গাংনীতে পুকুর থেকে ২ বছরের শিশু কন্যার মরদেহ উদ্ধার

মেহেরপুরের গাংনীর হাড়াভাঙ্গা গ্রামে পুকুরের পানিতে ডুবে লিলুফা খাতুন নামের এক শিশুর মৃত্যু হয়েছে। শিশু লিলুফা (২বছর) হাড়াভাঙ্গা পশ্চিম পাড়ার আলীর মেয়ে।

সোমবার সন্ধ্যা ৬টার দিকে বাড়ির পাশের একটি পুকুর থেকে শিশু লিলুফা খাতুনের ভাসমান মরদেহ উদ্ধার করে স্থানীয়রা।

লিলুফা খাতুনের মা তোছলিমা খাতুন জানান, আমার মেয়ে লিলুফা দুপুর ৩টার দিকে বাড়ির নিকটে একটি পুকুর পাড়ে খেলা করছিল। এসময় আমি বাড়ির কাজ করছিলাম। সে আসতে দেরি করায় তাকে পুকুর পাড়ে না পেয়ে প্রতিবেশীদের সাথে নিয়ে সারা পাড়া খুঁজতে শুরু করি। এসময় না পেয়ে বাড়ি ফিরে আসি। প্রায়ই ৩ ঘণ্টা পর বাড়ির পাশের পুকুরের পানিতে আমার মেয়ে লিলুফার মরদেহ ভাসতে দেখে কয়েকজন। পরে তাকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়।

গাংনী থানার ওসি ওবায়দুর রহমান বলেন মায়েদের অসাবধানতার কারণেই এতোটুকু শিশু পানিতে পড়েছে।

অনেক মেয়েরাই অসাবধানতাবশত শিশুদেরকে ছেড়ে দিয়ে থাকে। তবে বিষয়টি অত্যন্ত হৃদয়বিদারক।

গাংনীতে গৃহবধুকে ধর্ষণের অভিযোগে মামলা, আটক ১

রাতের আঁধারে এক গৃহবধুকে ধর্ষণ চেষ্টা কালে জনতার হাতে ধরা পড়ে রাজ্জাক নামের এক ব্যক্তি পুলিশের খাঁচায়। আঃ রাজ্জাক গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মাদ্রাসা পাড়ার ছাদের আলীর ছেলে।

জানা গেছে, রোববার মধ্যরাতে একই পাড়ার একগৃহ বধুর বাড়ীতে জানালা ভেঙ্গে প্রবেশ করে ধর্ষণের চেষ্টা করে। গৃহবধুর চিৎকারে আশপাশের লোকজন তাকে উদ্ধার করে এবং অভিযুক্তকে ওই ঘরের মধ্যে আটকিয়ে রাখে। পরে কুমারীডাঙ্গা পুলিশ ক্যাম্পের এস আই আব্দুল আলিমকে খবর দিলে আব্দুল আলিম ঘটনাস্থলে উপস্থিত হন। স্থানীয়রা আব্দুর রাজ্জাককে পুলিশে সোপর্দ করে। এ ঘটনায় গৃহবধু বাদী হয়ে দু জনের নামে মামলা করেন। গৃহবধু জানায়, তার স্বামী বাড়ীতে না থাকার সুযোগে স্থানীয় রাজ্জাক ঘরের জানালা ভেঙ্গে তার শয়ন কক্ষে প্রবেশ করে এবং তাকে জোর পূর্বক ধর্ষণ করার চেষ্টা করে।

তার চিৎকারে আশে পাশের লোকজন হাজির হয়ে অভিযুক্ত রাজ্জাককে হাতে নাতে ধরে ফেলে পুলিশে সোপর্দ করে এবং তার সহযোগী পালিয়ে যায়।

ওবাইদুর রহমান জানান এ বিষয়ে গাংনী থানায় ধর্ষণের অপচেষ্টা একটি মামলা দায়ের হয়েছে। আটককৃত আসামীকে আদালতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে সেলাই মেশিন বিতরণ

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ১৮ হতদরিদ্র পরিবারের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

রবিবার দুপুরে মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূলের সভাপতিত্বে জেলা পরিষদের মিলনায়তনে এই অনুষ্ঠান পরিচালিত হয়।

এ সময় তিনি বলেন করোনা মুহুর্তেও বাংলাদেশ সরকারের এডিভি কতৃক আয়োজিত হতদরিদ্রদের মাঝে সেলাই মেশিন বিতরণ চলছে। স্বামী পরিত্যক্ত, কাজ করে না, অথবা স্বামী নেশাগ্রস্ত থাকে তারা কিন্তু এই সেলাই মেশিন নিয়ে কাজ করে খেতে পারবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্য আব্দুল কুদ্দুস, ইমতিয়াজ হোসেন মিরন, উপ সহকারী প্রকৌশলী সুবল চন্দ্র মন্ডল, উচ্চমান অফিস সহকারি জাহিদ ইকবাল, অফিস সহকারি শাহীন ইকবাল প্রমুখ।

দেশে করোনায় মৃত্যু সাড়ে ৩ হাজার ছুঁই ছুঁই

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩৯ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৩ হাজার ৪৩৮ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ৯০৭ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ২ লাখ ৬০ হাজার ৫০৭ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৬৭ জন এবং মোট সুস্থ ১ লাখ ৫০ হাজার ৪৩৭ জন।

সোমবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে এসব তথ্য জানান।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ১২ হাজার ৮৪৯টি নমুনা পরীক্ষা করে ২ হাজার ৯০৭ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ২ লাখ ৬০ হাজার ৫০৭ জন।

গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ২২ দশমিক ৬২ শতাংশ।

ডা. নাসিমা জানান, গত ২৪ ঘণ্টায় ৩৯ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৩৫ জন ও নারী ৪ জন। এ নিয়ে মোট মারা গেলেন ৩ হাজার ৪৩৮ জন।

এ পর্যন্ত যারা মৃত্যুবরণ করেছেন তাদের মধ্যে পুরুষের সংখ্যা ২ হাজার ৭২১ জন আর নারী ৭১৭ জন।

তিনি আরও জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৬৭ জন। এ পর্যন্ত সুস্থ ১ লাখ ৫০ হাজার ৪৩৭ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৫৭ দশমিক ৭৫ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ৩২ শতাংশ।

সূত্র- যুগান্তর

করোনায় আরও ৩৯ জনের মৃত্যু, শনাক্ত ২৯০৭

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩৯ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৩ হাজার ৪৩৮ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ৯০৭ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ২ লাখ ৬০ হাজার ৫০৭ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৬৭ জন এবং মোট সুস্থ ১ লাখ ৫০ হাজার ৪৩৭ জন।

সোমবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে এসব তথ্য জানান।

সূত্র- যুগান্তর

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসারের বিদায় সংবর্ধনা

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীকে বিদায় সংবর্ধনা জানিয়েছে উপজেলা অফিসার্স ক্লাব।

সোমবার বেলা সাড়ে এগারোটার দিকে মুজিবনগর পর্যটন মোটেলে এ সংবর্ধনা জানানো হয়।

অফিসার্স ক্লাবের সহসভাপতি, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খানের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিদায়ী অতিথি মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দিল হাশেম, উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, অফিসার্স ক্লাবের সাধারন সম্পাদক, উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব।

উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকারের সন্চালনায় বক্তব্য রাখেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু প্রমুখ।

সংবর্ধনা অনুষ্ঠানে উপজেলা অফিসার্স ক্লাবের পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসারকে সম্মাননা স্মারক স্বরুপ ক্রেষ্ট প্রদান করা হয়।
এবং মুক্তিযোদ্ধা ও চেয়ারম্যানদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছাসহ উপহার সামগ্রী দেওয়া হয়।

করোনায় মৃত্যুর মিছিল ৭ লাখ ৩৩ হাজার ছাড়িয়ে

কোভিড-১৯ মহামারীতে বিপর্যস্ত বিশ্ব। কিছুতেই মুক্তি মিলছে না। রোজ হাজার হাজার মানুষ মৃত্যুর মিছিলে যোগ হচ্ছেন। এরই মধ্যে লাশের সারি ৭ লাখ ৩৩ হাজার ছাড়িয়ে গেছে। ওয়ার্ল্ডওমিটারস এ তথ্য জানিয়েছে।

বিশ্বব্যাপী করোনায় আক্রান্ত ও মৃত্যুর পরিসংখ্যান রাখা আন্তর্জাতিক এই ওয়েবসাইটের দেয়া তথ্যানুযায়ী, বিশ্বে সোমবার দুপুর ১২টা পর্যন্ত করোনা আক্রান্ত শনাক্ত হয়েছেন দুই কোটি ২৫ হাজার ২৪৫ জন। আক্রান্তদের মধ্যে সুস্থ হয়ে উঠেছেন এক কোটি ২৮ লাখ ৯৯ হাজার ৮০১ জন। মৃত্যু হয়েছে ৭ লাখ ৩৩ হাজার ৯৯৭ জনের। আক্রান্তদের মধ্যে চিকিৎসাধীন ৬৩ লাখ ৯১ হাজার ৪৪৭ জন।

আক্রান্ত ও মৃত্যুতে শীর্ষস্থানীয় দেশগুলোর মধ্যে রয়েছে-যুক্তরাষ্ট্র, ব্রাজিল, ভারত ও রাশিয়া।

ওয়ার্ল্ডওমিটারসের পরিসংখ্যান অনুযায়ী, যুক্তরাষ্ট্রে এখন পর্যন্ত মারা গেছেন এক লাখ ৬৫ হাজার ৬১৭ জন।

সংক্রমণ ও মৃত্যুতে দ্বিতীয় অবস্থানে রয়েছে ব্রাজিল। দেশটিতে করোনায় আক্রান্তের সংখ্যা ৩০ লাখ ৩৫ হাজার ৫৮২। এর মধ্যে মারা গেছেন এক লাখ এক হাজার ১৩৬ জন।

আক্রান্তে তৃতীয় অবস্থানে থাকা ভারতে এখন পর্যন্ত আক্রান্তের সংখ্যা ২২ লাখ ১৪ হাজার ১৩৭। এর মধ্যে মারা গেছেন ৪৪ হাজার ৪৬৬

জন। তবে ইতিমধ্যে সুস্থ হয়ে উঠেছেন ১৫ লাখ ৩৪ হাজার ২৭৮ জন।

রাশিয়ায় এখন পর্যন্ত করোনায় আক্রান্তের সংখ্যা ৮ লাখ ৮৭ হাজার
৫৩৬। এর মধ্যে মারা গেছেন ১৪ হাজার ৯৩১ জন। তবে আক্রান্তদের অধিকাংশই এরই মধ্যে সুস্থ হয়ে উঠেছেন। দেশটিতে এখন পর্যন্ত সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৬ লাখ ৯৩ হাজার ৪২২ জন।

বাংলাদেশে করোনাভাইরাসে তিন হাজার ৩৯৯ জনের মৃত্যু হয়েছে। শনাক্ত হয়েছেন দুই লাখ ৫৭ হাজার ৬০০ জন।

গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহরে প্রথম করোনার উপস্থিতি ধরা পড়ে। এখন পর্যন্ত ২১৩ দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে এই ভাইরাস। এই ভাইরাসকে বৈশ্বিক মহামারী ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

সূত্র- যুগান্তর